



বাংলাদেশ কৃষি ব্যাংক

প্রধান কার্যালয় 'কৃষি ব্যাংক ভবন'

৮৩-৮৫, মতিঝিল বাণিজ্যিক এলাকা, ঢাকা-১০০০।

ক্রেডিট বিভাগ

ফোনঃ ০২২২৩৩-৫৮৬৮১

০২২২৩৩-৮৮৯৪৯

ই-মেইলঃ dgmlad1@krishibank.org.bd

নং-বিকেবি-প্রকা/ক্রেঃবিঃ/শাখা-১/১(১৩)/২০২৩-২৪/ ৪৫৮(১২৫০)

তারিখঃ ২৭/০৮/২০২৩

মহাব্যবস্থাপক, বিভাগীয় কার্যালয়সমূহ/স্থানীয় মুখ্য কার্যালয়, ঢাকা।
উপ-মহাব্যবস্থাপক, কর্পোরেট শাখাসমূহ।
সকল মুখ্য আঞ্চলিক/আঞ্চলিক ব্যবস্থাপক।
সকল শাখা ব্যবস্থাপক (মুখ্য আঞ্চলিক/আঞ্চলিক ব্যবস্থাপকের মাধ্যমে)
বাংলাদেশ কৃষি ব্যাংক।

বিষয় : নভেল করোনা ভাইরাস (COVID-19) এর প্রাদুর্ভাবের কারণে ক্ষয়ক্ষতি মোকাবেলায় সরকার ঘোষিত ২০২৩-২০২৪ অর্থবছরে চলমান প্রণোদনা প্যাকেজসমূহ সময়ভিত্তিক বাস্তবায়নকল্পে ঋণ বিতরণের আনুপাতিক লক্ষ্যমাত্রা শতভাগ অর্জন প্রসঙ্গে।

মহোদয়,

উপর্যুক্ত বিষয়ের প্রতি সদয় দৃষ্টি আকর্ষণ করা যাচ্ছে।

০২। নভেল করোনা ভাইরাস (COVID-19) এর প্রাদুর্ভাবের কারণে সম্ভাব্য অর্থনৈতিক প্রভাব মোকাবেলায় গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার কর্তৃক ঘোষিত বিভিন্ন আর্থিক প্রণোদনা প্যাকেজ বাংলাদেশ কৃষি ব্যাংক হতে বাস্তবায়ন করা হচ্ছে। ২০২৩-২০২৪ অর্থবছরে চলমান ৫(পাঁচ)টি প্রণোদনা প্যাকেজ এর ১৫.০৮.২০২৩ তারিখ ভিত্তিক বিভাগওয়ারী বিতরণের অগ্রগতি সংযোজনী-ক অনুযায়ী অত্রসাথে সংযুক্ত করা হলো। সংযোজনী-ক পর্যালোচনায় দেখা যায় যে-

(ক) এসিডি-০৭ঃ

দেশের খাদ্য নিরাপত্তা নিশ্চিত করার লক্ষ্যে কৃষি খাতের জন্য ৫,০০০ (পাঁচ হাজার) কোটি টাকার পুনঃঅর্থায়ন স্কিমের আওতায় ১৯৩৮ কোটি টাকা লক্ষ্যমাত্রার বিপরীতে অর্জন ৬৮৪.৩৪ কোটি টাকা যা মোট লক্ষ্যমাত্রার ৩৫.৩১%। এ খাতে ফরিদপুর ও কুষ্টিয়া বিভাগ ব্যাভীত কোন বিভাগই আনুপাতিক লক্ষ্যমাত্রা অর্জন করতে সক্ষম হয়নি।

(খ) ঘরে ফেরা পুনঃঅর্থায়ন স্কিমঃ

ঘরে ফেরা (৫০০কোটি টাকা) পুনঃঅর্থায়ন স্কিমে ২৩২ কোটি টাকা লক্ষ্যমাত্রার বিপরীতে অর্জন ১১৪.২১ কোটি টাকা যা লক্ষ্যমাত্রার ৪৯.২২%। আলোচ্য স্কিমে কুষ্টিয়া, বরিশাল ও চট্টগ্রাম বিভাগের অর্জন আশানুরূপ নয়।

(গ) সিএমএসএমই খাতে ২৫,০০০ কোটি টাকা অর্থায়নের পুনঃঅর্থায়ন স্কিমঃ

আলোচ্য স্কিমটির ৩৮০ কোটি টাকার বিপরীতে অর্জন ১৯১.৮৯ কোটি টাকা যা লক্ষ্যমাত্রার ৫০.৪৯%। এ স্কিমটিতে কুষ্টিয়া, চট্টগ্রাম ও কুমিল্লা বিভাগ আনুপাতিক লক্ষ্যমাত্রা অর্জনে তুলনামূলকভাবে পিছিয়ে আছে।

(ঘ) এফআইডি-০১ঃ

১০/৫০/১০০ টাকার হিসাবধারী প্রান্তিক/ভূমিহীন কৃষক, নিম্ন আয়ের পেশাজীবী, স্কুল ব্যাংকিং হিসাবধারী এবং ক্ষুদ্র ব্যবসায়ীদের জন্য গঠিত পুনঃঅর্থায়ন স্কিমে ১২০ কোটি টাকা লক্ষ্যমাত্রার বিপরীতে অর্জন ৮১.৯২ কোটি টাকা যা লক্ষ্যমাত্রার ৬৮.২৬%। এ খাতে ময়মনসিংহ বিভাগ ব্যাভীত কোন বিভাগই আনুপাতিক লক্ষ্যমাত্রা অর্জন করতে সক্ষম হয়নি।

(ঙ) এসিডি-০৫ঃ

গম ও ভুট্টা উৎপাদন বৃদ্ধির লক্ষ্যে ১,০০০ (এক হাজার) কোটি টাকার পুনঃঅর্থায়ন স্কিমটিতে ১০০ কোটি টাকা লক্ষ্যমাত্রার বিপরীতে অর্জন ১৯.৪৪ কোটি টাকা যা লক্ষ্যমাত্রার ১৯.৪৪%। এ স্কিমটিতে ঢাকা, ময়মনসিংহ ও বরিশাল ব্যাভীত অন্যান্য বিভাগের অর্জন সন্তোষজনক নয়।

চলমান পাতা-০২

বিষয় : নভেল করোনা ভাইরাস (COVID-19) এর প্রাদুর্ভাবের কারণে ক্ষয়ক্ষতি মোকাবেলায় সরকার ঘোষিত ২০২৩-২০২৪ অর্থবছরে চলমান প্রণোদনা প্যাকেজসমূহ সময়ভিত্তিক বাস্তবায়নকল্পে ঋণ বিতরণের আনুপাতিক লক্ষ্যমাত্রা শতভাগ অর্জন প্রসঙ্গে।

০৩। ৩০.০৭.২০২৩ তারিখে ব্যবস্থাপনা পরিচালক মহোদয়ের সভাপতিত্বে বিকেবি, প্রধান কার্যালয়ে অনুষ্ঠিত ALCOM মিটিং এ বিগত সময়ে বিভিন্ন প্রণোদনা প্যাকেজ সময়ানুগ বাস্তবায়নের জন্য সংশ্লিষ্ট সকলকে ধন্যবাদ জানানো হয়। তাছাড়াও সিএমএসএমই খাতে ২৫,০০০ কোটি টাকা অর্থায়নের বিপরীতে পুনঃঅর্থায়ন স্কিম, এসিডি-০৭, ঘরে ফেরাসহ অন্যান্য ঋণ কার্যক্রমে গতিশীলতা আনয়নপূর্বক চলমান প্রণোদনা প্যাকেজ সমূহ যথাসময়ে শতভাগ অর্জন করার প্রতি উক্ত মিটিং এ গুরুত্ব আরোপ করা হয়।

০৪। এমতাবস্থায়, নভেল করোনা ভাইরাস (COVID-19)-এর প্রাদুর্ভাবের কারণে ক্ষয়ক্ষতি মোকাবেলায় সরকার কর্তৃক ঘোষিত প্রণোদনা প্যাকেজসমূহ এর জারীকৃত নীতিমালাসমূহ যথাযথভাবে অনুসরণপূর্বক প্রণোদনা প্যাকেজসমূহ সময়ভিত্তিক বাস্তবায়ন এর লক্ষ্যে সংশ্লিষ্ট সকলকে পরামর্শ প্রদান করা হলো। বিভাগীয় মহাব্যবস্থাপকবৃন্দ এবং অঞ্চল প্রধানগণ উক্ত কার্যক্রম সঠিকভাবে পরিচালনা ও লক্ষ্যমাত্রা অর্জনের জন্য বিষয়টি নিয়মিত পরিধারণসহ প্রয়োজনীয় দিক নির্দেশনা প্রদান করবেন।

অনুমোদনক্রমে-

আপনার বিশ্বস্ত

(মোহাম্মদ মঈনুল ইসলাম)
উপমহাব্যবস্থাপক

ফোন : ০২-২২৩৩৮৮৯৪৯

নং-বিকেবি-প্রকা/ক্রেঃবিঃ/শাখা-১/১(১৩)/২০২৩-২৪/ ৪৮৬(২২৫০)

তারিখঃ ২৭/০৮/২০২৩

সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি প্রেরণ করা হলোঃ

- ০১। চীফ স্টাফ অফিসার, ব্যবস্থাপনা পরিচালক মহোদয়ের সচিবালয়, বিকেবি, প্রধান কার্যালয়, ঢাকা।
- ০২। স্টাফ অফিসার, উপব্যবস্থাপনা পরিচালক- ১, ২, ৩ মহোদয়ের সচিবালয়, বিকেবি, প্রধান কার্যালয়, ঢাকা।
- ০৩। স্টাফ অফিসার, সকল মহাব্যবস্থাপক মহোদয়ের দপ্তর, বিকেবি, প্রধান কার্যালয়, ঢাকা।
- ০৪। অধ্যক্ষ, বিকেবি, স্টাফ কলেজ, মিরপুর, ঢাকা।
- ০৫। সকল উপমহাব্যবস্থাপক/সচিব, বিকেবি, প্রধান কার্যালয়, ঢাকা।
- ০৬। উপমহাব্যবস্থাপক, আইসিটি সিস্টেমস, কার্ড ও মোবাইল ব্যাংকিং বিভাগ, বিকেবি, প্রধান কার্যালয়, ঢাকা। উপরোক্ত পত্রটি ব্যাংকের অফিসিয়াল ওয়েব সাইটে আপলোড করার প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ করা হলো।
- ০৭। সকল বিভাগীয় নিরীক্ষা কর্মকর্তা, বিকেবি, বিভাগীয় নিরীক্ষা কার্যালয়সমূহ।
- ০৮। সকল আঞ্চলিক নিরীক্ষা কর্মকর্তা, বিকেবি, আঞ্চলিক নিরীক্ষা কার্যালয়সমূহ।
- ০৯। নথি/মহানথি।

(মুহাম্মদ মোশাররফ হোসেন)
সহকারী মহাব্যবস্থাপক

সংযোজনী-ক

বিষয় : নভেল করোনা ভাইরাস (COVID-19) এর প্রাদুর্ভাবের কারণে ক্ষয়ক্ষতি মোকাদ্দোয়ায় সরকার ঘোষিত ২০২৩-২০২৪ অর্থবছরে চলমান প্রণোদনা প্যাকেজসমূহ সময়ভিত্তিক বাস্তবায়নকক্ষে ঋণ বিতরণের আনুগাতিক লক্ষ্যমাত্রা শতভাগ অর্জন প্রসঙ্গে।

২০২৩-২৪ অর্থবছরে চলমান ৫(পাঁচ)টি প্রণোদনা প্যাকেজ এর আওতায় বাংলাদেশ কৃষি ব্যাংক এর ১৫.০৮.২০২৩ তারিখ ভিত্তিক বিভাগগোষ্ঠী অঙ্গাণুতির ছক :

(কোটি টাকায়)

ক্রম নং	বিভাগীয় কার্যালয়	(ক) এসিডি-০৭ (দেশের খাদ্য নিরাপত্তা নিশ্চিত করার লক্ষ্যে কৃষি খাতের জন্য ৫,০০০ (পাঁচ হাজার) কোটি টাকার পুনঃঅর্থায়ন ক্ষিম)			(খ) ঘরে ফেরা (৫০০ কোটি টাকা) পুনঃঅর্থায়ন ক্ষিম			(গ) সিএমএসএমই খাতে ২৫,০০০ কোটি টাকার পুনঃঅর্থায়ন ক্ষিম			(ঘ) এফআইডি-০১(১০/৫০/১০০ টাকার হিসাবধারী গ্রাডিক/ভূমিহীন কৃষক, নিম্নআয়ের পেশাজীবী, ক্ষয়ব্যাধিক হিসাবধারী এবং ক্ষুদ্র ব্যবসায়ীদের জন্য গঠিত পুনঃঅর্থায়ন ক্ষিম)			(ঙ) এসিডি-০৫(গম ও ছোট্টা উৎপাদন বৃদ্ধির লক্ষ্যে ১,০০০ (এক হাজার) কোটি টাকার পুনঃঅর্থায়ন ক্ষিম)		
		লক্ষ্যমাত্রা	অর্জন	অর্জনের হার	লক্ষ্যমাত্রা	অর্জন	অর্জনের হার	লক্ষ্যমাত্রা	অর্জন	অর্জনের হার	লক্ষ্যমাত্রা	অর্জন	অর্জনের হার	লক্ষ্যমাত্রা	অর্জন	অর্জনের হার
১	ঢাকা	৩৬০.০০	১৩৩.১৯	৩৭.০০%	২০.০০	১০.২৬	৫১.৩০%	৮৬.০০	৪৫.২১	৫২.৫৭%	৩৪.৮০	২৩.৬৯	৬৮.০৭%	১০.০০	৩.৫৫	৩৫.৫০%
২	ময়মনসিংহ	৩৫০.০০	১২৬.৩২	৩৬.০৯%	৩৮.০০	১৭.৫৩	৪৬.১৩%	৫০.০০	৩০.২৬	৬০.৫২%	৯.৫০	৭.৮৯	৮৩.০৫%	১০.০০	৩.৬০	৩৬.০০%
৩	চট্টগ্রাম	১২৫.০০	৪৩.১৮	৩৪.৫৪%	২০.০০	৮.৪০	৪২.০০%	৩৭.০০	১৪.৯২	৪০.৩২%	১২.০০	৬.৭৫	৫৬.২৫%	৩.০০	০.৭৪	২৪.৬৭%
৪	খুলনা	৩৬০.০০	১০৮.০১	৩০.০০%	৪০.০০	১৮.২০	৪৫.৫০%	২৭.০০	১৬.২০	৬০.০০%	৭.৬০	৫.৩৪	৭০.২৬%	১৫.০০	১.৯০	১২.৬৬%
৫	বরিশাল	১৭৫.০০	৫৫.৮৬	৩১.৯২%	২৫.০০	৮.৭৩	৩৪.৯২%	১৯.০০	১১.৭৩	৬১.৭৪%	১২.০০	৯.৪৫	৭৮.৭৫%	১.০০	০.৩৩	৩৩.০০%
৬	সিলেট	৮৫.০০	২৭.৪৫	৩২.২৯%	১৫.০০	১০.০৯	৬৭.২৬%	২৪.০০	১৫.০৪	৬২.৬৭%	১২.০০	৭.৮৪	৬৫.৩৩%	২.০০	০.১৭	৮.৫০%
৭	কুমিল্লা	১৭০.০০	৫২.১৩	৩০.৬৬%	২৫.০০	১৪.৫৪	৫৮.১৬%	৫৭.০০	২৫.৯৭	৪৫.৫৬%	১৬.০০	৯.৩৮	৫৮.৬২%	১৪.০০	১.৬২	১১.৫৭%
৮	ফরিদপুর	১৪০.০০	৬৬.৯৬	৪৭.৮৩%	২৫.০০	২০.৮২	৮৩.২৮%	৩৩.০০	১৭.৮৭	৫৪.১৫%	১১.০০	৮.২৯	৭৫.৩৬%	১০.০০	২.৯৫	২৯.৫০%
৯	কুষ্টিয়া	১৭০.০০	৭১.২৪	৪১.৯১%	২৪.০০	৫.৬৪	২৩.৫০%	৩৯.০০	১১.০৯	২৮.৪৪%	৫.০০	৩.২৯	৬৫.৮০%	৩৫.০০	৪.৫৮	১৩.০৮%
১০	এলাপাড়া	৩.০০	০.০০	০.০০%	---	---	---	৮.০০	৩.৬০	৪৫.০০%	০.১০	০.০০	০.০০%	---	---	---
মোট :		১৯৩৮.০০	৬৮৪.৩৪	৩৫.৩১%	২৩২.০০	১১৪.২১	৪৯.২২%	৩৮০.০০	১৯১.৮৯	৫০.৪৯%	১২০.০০	৮১.৯২	৬৮.২৬%	১০০.০০	১৯.৪৪	১৯.৪৪%

✍

৯১